



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
সার্ভে ও ড্রাফট উপশাখা
প্রধান কার্যালয়ঃ চাঁপাপুর, কুমিল্লা
www.bgdcl.gov.bd



মজিবুল
হক
১০০

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.৭২১.৪০.০১৮.২১.৬

তারিখ: ৮ কার্তিক ১৪২৯

২৪ অক্টোবর ২০২২

বিষয়: ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স সোনালী ট্রেডার্স (তালিকাভুক্তি সনদ নং-৩৩৩) কালো তালিকাভুক্তকরণ

গত ৩১/০৮/২০২১ তারিখে ইঞ্জিনিয়ারিং সার্ভিস ডিপার্টমেন্ট, মাইজদী কর্তৃক আপনার অর্থাৎ জনাব মোস্তফা হারুন ভূঁইয়া, পিতা- মৃত হাসমত উল্যাহ, ঠিকানা- ল-ইয়ার্স কলোনী, সদর, মাইজদী (গ্রাহক সংকেত-০৬-ডি-৩৮১) এর আজিনা সরেজমিনে পরিদর্শনকালে অনুমোদিত ০২টি দ্বৈত চুলার বিপরীতে ১০টি দ্বৈত চুলা পাওয়ায় তাৎক্ষণিকভাবে আপনার সংযোগটি বিচ্ছিন্ন করা হয়।

উল্লেখ্য, আপনি বিজিডিসিএল কর্তৃক ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত নবায়নকৃত ১.১ ক্যাটাগরীর ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স সোনালী ট্রেডার্স (তালিকাভুক্তি সনদপত্র নং-৩৩৩) এর স্বত্বাধিকারী। আপনার এহেন কার্যকলাপ কোম্পানীর স্বার্থ, সুনাম, মর্যাদা ও ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে- যা আপনার সাথে কোম্পানির সম্পাদিত তালিকাভুক্তি চুক্তির তফসিলের ১৫.৭ ধারা মোতাবেক কালো তালিকাভুক্ত করার অপরাধের সামিল। তবে, আপনার বিরুদ্ধে সরাসরি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পরিবর্তে আত্মপক্ষ সমর্থনের লক্ষ্যে আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় (পত্র স্মারক নম্বর: ২৮.১১.০০০০.৭২১.৪০.০১৮.২১.৫৯/১০০৯, তারিখ: ০৯/০৯/২০২১)। গত ১৭/১১/২০২১ ইং তারিখে আপনার লিখিত জবাব বিচার বিশ্লেষণে আপনার দায় এড়ানোর বিষয়টি কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি। কর্তৃপক্ষ কর্তৃক অবৈধ সংযোগ সংক্রান্ত রিপোর্ট পরীক্ষা-নিরীক্ষা ও যাচাই বাছাইয়ে এবং আপনার লিখিত জবাবেও আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা প্রমাণিত হয়।

এমতাবস্থায় বিজিডিসিএল এর সাথে আপনার সম্পাদিত তালিকাভুক্তি চুক্তির তফসিলের ১৫.৭ ধারা অনুযায়ী ও কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে আগামী ০৩ (তিন) বৎসর অর্থাৎ ২০২১-২০২২ হতে ২০২৩-২০২৪ অর্থবছর পর্যন্ত বিজিডিসিএল এ তালিকাভুক্ত আপনার মালিকানাধীন (মেসার্স সোনালী ট্রেডার্স, তালিকাভুক্তি সনদপত্র নং-৩৩৩) ১.১ শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠানকে কালোতালিকাভুক্ত করা হলো।

২৪-১০-২০২২

প্রকৌঃ মোস্তফা মাহিন সোহাগ

উপ-মহাব্যবস্থাপক

ফ্যাক্স: +8808177199

ইমেইল: ho@bgdcl.gov.bd


জনাব মোস্তফা হারুন ভূঁইয়া, স্বত্বাধিকারী, মেসার্স সোনালী
ট্রেডার্স (তালিকাভুক্তি সনদ নং-৩৩৩), মাইজদী,
নোয়াখালী।

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.৭২১.৪০.০১৮.২১.৬/১(৬)

তারিখ: ৮ কার্তিক ১৪২৯
২৪ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ২) মহাব্যবস্থাপক (রুটিন দায়িত্ব), বিপণন ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৩) উপ-মহাব্যবস্থাপক, বিক্রয় ডিপার্টমেন্ট, নোয়াখালী, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৪) উপ-মহাব্যবস্থাপক, আইটি ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড - বিজিডিসিএল ওয়েব সাইটের প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫) উপ-মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং সার্ভিস ডিপার্টমেন্ট, নোয়াখালী, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৬) ব্যবস্থাপক, বিক্রয় শাখা (নোয়াখালী), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড



২৪-১০-২০২২

প্রকৌশলী মোঃ ফিরোজ আলম
ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)